গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**

হিসাব ভবন

সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

www.cga.gov.bd

তারিখঃ ৩১ আষাঢ়১৪৩৩
১৫ জুলাই ২০২৬ খ্রি.

নম্বর- ০৭.০৩.০০০০.০০১.৩২.১৪৫.১৯.৬৬০

## অফিস আদেশ

সম্প্রতি একটি কুচক্রী মহল হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের বিভিন্ন কর্মকর্তাদের নাম এ এডিটেড ছবি ব্যবহার করে মোবাইল ফোন ও হোয়াটস অ্যাপ (WhatsApp) এর বিভিন্ন নম্বর থেকে নিয়োগ, পদোন্নতি, বদলীসহ নানাবিধ প্রলোভন দেখিয়ে বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীদের কাছ থেকে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অর্থ দাবী করছে। ইতোপূর্বে সবাইকে এ বিষয়ে সতর্ক করে এই কার্যালয় হতে একাধিকবার সার্কুলার জারি করা হয়েছে। বিষয়টি বারবার সতর্ক করার পরও যে সকল কর্মকর্তা/কর্মচারী উক্ত প্রলোভনে অর্থ লেনদেন করবেন তাদের বিরুদ্ধে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, সিজিএ প্রশাসন হতে নিয়োগ, পদোন্নতি, বদলি বা অনিয়মিত অন্য কোন কাজ অথবা তদবিরের জন্য কোন কর্মকর্তা ও কর্মচারীর সাথে কোন ধরনের যোগাযোগ করা হয় না। এ বিষয়ে হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় এবং এর আওতাধীন সিএএফও, ডিসিএ, ডিএএফও এবং ইউএও অফিসসমূহে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে বিভ্রান্ত না হয়ে অধিকতর সতর্কতা অবলম্বন করতে ও প্রযুক্তির অপব্যবহারজনিত যে কোন প্রলোভনের ফাঁদে না পড়ার জন্য আদিষ্ট হয়ে নির্দেশনা প্রদান করা হলো। একইসাথে মিথ্যা পরিচয়ে কেউ ফোন করলে তা অনতিবিলম্বে সিজিএ প্রশাসনকে অবগত করতে হবে।

স্বাঃ
(শাকিলা জামান)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোনঃ ০২-২২৬৬৬০৫৪৯।

তারিখঃ ৩১ আষাঢ়১৪৩৩
১৫ জুলাই ২০২৬ খ্রি.

নম্বর- ০৭.০৩.০০০০.০০১.৩২.১৪৫.১৯.৬৬০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন), সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৪। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব), সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সিজিএ কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা। **[ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]**
৬। পি এস টু সিজিএ।
৭। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)
৮। উপজেলা হিসাবরক্ষণ কমর্কর্তা (সকল)।
৯। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সকল শাখা, সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০। বিভাগীয় হিসাব হিসাবরক্ষক (সকল)।
১১। পি এস টু সিজিএ।
১২। অফিস কপি।

১৫.৭.২৬

(মং মং)
নিরীক্ষ ও হিসাবরক্ষণ কর্মকর্তা (প্রশাসন-১)
ফোন: ০২-২২২২২৫৬৫৭